85

তারিখ 31 AUG 1989
পৃষ্ঠা 2 কলাম 9

# দৈনিক খবর

## বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতি শিক্ষা মন্ত্রীর আহ্বান

বাসস জানায়, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গত মঙ্গলবার দেশে উচ্চ শিক্ষা জোরদারের পদক্ষেপ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)–এর প্রতি আহ্বান জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে চমৎকার কেন্দ্র হিসেবে গড়ে তুলতে ইউজিসি'র সাহায্য করাউচিৎ।

মন্ত্রী ঢাকায় ইউজিসি কার্যালয় পরিদর্শনকালে এর কর্মকর্তাদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন। ইউজিসি'র চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান বৈঠকে সভাপতিত্বকরেন।

জবাব শেখ শহীদ বলেন, উচ্চ শিক্ষার সুষ্ঠু বিকাশের ক্ষেত্রে ক্যাম্পাসে বিরাজমান পরিস্থিতি উপযোগী নয়। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে ভবিষ্যৎ রাষ্ট্র পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত জনশক্তি গড়ে তোলার কেন্দ্র। তাই তিনি ইউজিসি'র প্রতি দেশের ভবিষ্যৎ বংশধরদের গড়ে তোলার দায়িত্ব গ্রহণে নিষ্ঠাবান হওয়ার আহবান জানান।

অধ্যাপক আলী আহসান দেশে উচ্চ শিক্ষার প্রসারে আগ্রহ প্রকাশ করায় মন্ত্রীকেধন্যবাদজানান।

31 AUG 1989